



প্রেস বিবৃতি

বাংলাদেশ সহকারী হাই কমিশন, আগরতলা এর উদ্যোগে
শিশুদের “বসে আঁকো প্রতিযোগিতা” আয়োজন

বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস- ২০২৪ উপলক্ষ্যে বাংলাদেশ সহকারী হাই কমিশন, আগরতলা বিভিন্ন বয়সী শিশুদের নিয়ে “বসে আঁকো প্রতিযোগিতা”, আয়োজন করতে যাচ্ছে। আগামী ১৭ মার্চ ২০২৪ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত হোটেল সোনার তরী, ফায়ার ব্রিগেড চৌমুহনী, আগরতলা এর ক্ষণিকা-০১ ও ক্ষণিকা-০২ তে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় “ক বিভাগ” (৬ বছর বয়স পর্যন্ত) বিষয়-মনের মত ছবি; “খ-বিভাগ” (৭ থেকে ৯ বছর পর্যন্ত), বিষয়-বাংলাদেশের প্রাকৃতিক দৃশ্যাবলী এবং “গ-বিভাগ” (৯ থেকে ১২ বছর পর্যন্ত), বিষয়- বঙ্গবন্ধুর ছবি অঙ্কন করতে হবে। “বসে আঁকো প্রতিযোগিতায়” আকার কাগজ সহকারী হাই কমিশন কর্তৃপক্ষ সরবরাহ করবে। তবে আকার সামগ্রী প্রতিযোগীদের নিয়ে আসতে হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রার্থী/অভিভাবকগণকে নিচের প্রদত্ত লিংকে গিয়ে ১০ মার্চ ২০২৪ রাত্ৰি ১২:০০ ঘটিকার মধ্যে অনলাইনে ফর্ম পূরণ করতে হবে। লিংকটি নিম্নরূপ:

Registration Link:- <https://forms.gle/Cd1gmTjHmh5NQfRy9>

Or, registration Link:- <rb.gy/zxiowq>

Or, Scan QR Code for registration:-



সম্মানিত সম্পাদক,

উপরোক্ত বিষয়টি আপনার বহুল প্রচলিত পত্রিকায় প্রকাশের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

শুভেচ্ছান্তে

(মোঃ রেজাউল হক চৌধুরী)

প্রথম সচিব ও দূতালয় প্রধান
বাংলাদেশ সহকারী হাই কমিশন,
আগরতলা, ত্রিপুরা

তারিখঃ ০৮ মার্চ ২০২৪ খ্রিঃ

Kunjaban (Near Circuit House) Agartala, Tripura

Tel : 0091-0381-2324807 Fax : 0091-0381-2304809 E-mail : mission.agartala@mofa.gov.bd